

খুলনা বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
(প্রশাসন শাখা)

স্মারক নং খুবি/প্রশা-বি-১১৪/৯৮-

তারিখ: ১৮-১০-২০২২ খ্রি.

অফিস আদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত জাতীয় শুদ্ধাচার কৌশলের আওতায় নানা উদ্ভাবনী চর্চার ওপর গুরুত্বারোপ করা হয়েছে। দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের ন্যায় অত্র বিশ্ববিদ্যালয়ে সেবা প্রক্রিয়া সহজিকরণ এবং অভ্যন্তরীণ দাপ্তরিক কর্ম প্রক্রিয়ার মানোন্নয়নের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশলের আওতায় ২০২২-২৩ অর্থবছরে অত্র বিশ্ববিদ্যালয়ে উদ্ভাবন, সেবা সহজিকরণ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার বিষয়ক কার্যক্রমকে সুশৃঙ্খল, নিয়মতান্ত্রিক ও প্রাতিষ্ঠানিকীকরণের লক্ষ্যে গত ০২-০১-২০২২ খ্রি. তারিখের খুবি/প্রশা-বি-১১৪/৯৮-০১ নং স্মারকে গঠিত খুলনা বিশ্ববিদ্যালয়ের ইগভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি কর্তৃপক্ষের নির্দেশক্রমে পুনর্গঠন করা হলো:

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- | | | |
|--|-----|-----------------------------------|
| ১। প্রফেসর ড. কাজী. মাসুদুল হক
পরিচালক, আইসিটি সেল
খুলনা বিশ্ববিদ্যালয় | --- | সভাপতি ও ফোকাল পয়েন্ট |
| ২। ইঞ্জিনিয়ার সায়রা তাসনিম রাবিভা
সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল
খুলনা বিশ্ববিদ্যালয় | --- | সদস্য |
| ৩। ইঞ্জিনিয়ার রাহুল দেব মহালদার
সহকারী কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল
খুলনা বিশ্ববিদ্যালয় | --- | সদস্য |
| ৪। ইঞ্জিনিয়ার সাগর বিশ্বাস
সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, আইসিটি সেল
খুলনা বিশ্ববিদ্যালয় | --- | সদস্য |
| ৫। ইঞ্জিনিয়ার অতীশ দীপঙ্কর বিশ্বাস
সেকশন অফিসার (আইটি), আইসিটি সেল
খুলনা বিশ্ববিদ্যালয় | --- | সদস্য-সচিব ও বিকল্প ফোকাল পয়েন্ট |

ইনোভেশন টিমের কার্যপরিধি-

- স্ব স্ব কার্যালয়ের সেবাপ্রদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ পরিবর্তন আনয়ন
- এই সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বৎসরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন
- প্রতি মাসের টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;
- মন্ত্রণালয়/ বিভাগ/দপ্তর পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন; এবং
- প্রতি অর্থ বছরে ১৩ জানুয়ারির মধ্যে একটি অর্ধবার্ষিক প্রতিবেদন প্রণয়ন, উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ ও স্বীয় ওয়েবসাইটে প্রকাশ করা

উক্ত কমিটিকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত
(প্রফেসর খান গোলাম কুদ্দুস)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

স্মারক নং খুবি/প্রশা-বি-১১৪/৯৮- ২০২৩

তারিখ: ১৮-১০-২০২২ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

- সভাপতি ও সদস্যবৃন্দ ও সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি, খুলনা বিশ্ববিদ্যালয়
- পরিচালক, আইসিটি সেল, খুলনা বিশ্ববিদ্যালয় (খুলনা বিশ্ববিদ্যালয় 'ইগভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি' শিরোনামে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- প্রফেসর ড. মোঃ আহসানুল কবির, নগর ও গ্রামীণ পরিকল্পনা ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়
- উপাচার্য মহোদয়ের সচিব, খুলনা বিশ্ববিদ্যালয় (উপাচার্য মহোদয়কে সদয় অবহিতকরণের অনুরোধসহ)
- উপ-উপাচার্য মহোদয়ের সচিব, খুলনা বিশ্ববিদ্যালয় (উপ-উপাচার্য মহোদয়কে সদয় অবহিতকরণের অনুরোধসহ)
- ট্রেজারার মহোদয়ের সচিব, খুলনা বিশ্ববিদ্যালয় (ট্রেজারার মহোদয়কে সদয় অবহিতকরণের অনুরোধসহ)
- সংশ্লিষ্ট নথি
- গার্ড ফাইল

(দীপক চন্দ্র মন্ডল)
উপ-রেজিস্ট্রার ও
শাখা প্রধান (প্রশাসন)